নতুন ধারার দৈনিক আমাদের সময়

# জাতীয় আয়ের ১৫ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দের দাবি

নিজস্ব প্রতিবেদক

২৫ মে ২০২১ ০০:০০ | আপডেট: ২৪ মে ২০২১ ২৩:৩১

আসন্ন বাজেটে শিক্ষা খাতে মোট আয়ের ন্যূনতম ১৫ শতাংশ এবং তিন বছরের মধ্যে ২০ শতাংশ বরাদ্দের দাবি জানিয়েছে স্বাধীনতা শিক্ষক পরিষদ (স্বাশিপ)। গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন চৌধুরী মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে স্বাশিপ সাধারণ সম্পাদক অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু লিখিত বক্তব্যে এ দাবি জানান। তিনি বলেন, করোনায় শিক্ষার যে ক্ষতি হয়েছে তা কোনোভাবেই পোষাবার নয়। এই ক্ষতি দীর্ঘদিন জাতিকে বয়ে বেড়াতে হবে।

করোনায় নিম্নআয়ের পরিবারের শিক্ষার্থীদের একটি বড় অংশ ইতোমধ্যে শিক্ষা থেকে ঝরে পড়েছে উল্লেখ করে অধ্যক্ষ শাহজাহান বলেন, ‘অনেক মেয়ে শিক্ষার্থী বাল্যবিয়ের শিকার হয়েছে। দরিদ্র পরিবারের অনেক শিশু বিদ্যালয় ত্যাগ করে শ্রমে যুক্ত হয়েছে। দীর্ঘ ১৪ মাস শ্রেণিকক্ষের বাইরে থাকায় হতাশায় অনেক শিক্ষার্থী মোবাইল ও ইন্টারনেটে আসক্ত হয়ে পড়েছে। কেউ কেউ আবার জড়িয়েছে বিভিন্ন অপরাধেও। এসব দিক বিবেচনায় করোনা-পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় একটি টেকসই শিক্ষা ব্যবস্থা প্রবর্তনে এ খাতে বরাদ্দ বৃদ্ধি এবং স্বল্প ও দীর্ঘমেয়াদি বিভিন্ন পরিকল্পনা গ্রহণের দাবি জানান তিনি।

সংবাদ সম্মেলনে অধ্যক্ষ শাহজাহান পাঁচ দফা দাবি উত্থাপন করেন। এগুলো হলো- প্রথমত এফিলিয়েশনপ্রাপ্ত নন-এমপিও মাধ্যমিক স্কুল, কলেজ, মাদ্রাসা (স্বতন্ত্র এবতেদায়িসহ) ও কারিগরি প্রতিষ্ঠানের এমপিওভুক্তির জন্য আসন্ন বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ। দ্বিতীয়ত এমপিওভুক্ত শিক্ষকদের সরকারি অনুরূপ বাড়ি ভাড়া, মেডিক্যাল ভাতা, পূর্ণাঙ্গ উৎসব ভাতা ও অবসরপ্রাপ্তদের সেবাদানকারী প্রতিষ্ঠান কল্যাণ ট্রাস্ট এবং অবসর বোর্ডের আর্থিক সংকট নিরসনে আসন্ন বাজেটে পর্যাপ্ত অর্থ বরাদ্দ। তৃতীয়ত শিক্ষাকে একটি শক্ত ভিত্তির ওপর দাঁড় করাতে শিক্ষাব্যবস্থা জাতীয়করণের লক্ষ্যে বাজেটে

মোট আয়ের ন্যূনতম ১৫ শতাংশ অর্থ বরাদ্দ করা এবং ক্রমশ তা ২০ শতাংশে উন্নীত করতে হবে। এ অর্থবছরের বাজেটেই তা পুরোপুরি বাস্তবায়ন সম্ভব না হলে পরবর্তী তিন অর্থবছরে উক্ত অর্থ বরাদ্দ দিয়ে সমগ্র শিক্ষাকে জাতীয়করণের আওতায়

আনতে হবে। তবে জাতীয়করণের সূচনা অবশ্যই বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর বছরেই করা উচিত।

চতুর্থত আর্থিক কারণে ঝরে পড়া রোধ করতে করোনায় ক্ষতিগ্রস্ত অতিদরিদ্র পরিবারের শিক্ষার্থীদের জন্য বিশেষ বৃত্তির ব্যবস্থা চালু করা। পঞ্চম দাবি হলো, বেসরকারি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বদলি অবিলম্বে কার্যকর করা।

---

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক আমাদেরসময়

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy